
ভোরের কাগজ

তারিখ ... 19 NOV 1998 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪


৩২৭৬২০

জাতীয় বিশ্ববিদ্যালয়

উত্তর পত্র

চিওড়া সরকারী কলেজ

পরীক্ষা, ১৯৯

বিষয়

নম্বর

রোল

রেজিস্ট্রেশন নং

তারিখ

পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী

প্রদত্ত নম্বর

# ডিগ্রি পরীক্ষার উত্তরপত্র বিক্রি হচ্ছে কুমিল্লায়

*কুমিল্লা থেকে সংবাদদাতা :* আজ বৃহস্পতিবার থেকে জাতীয়-বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠেয় ডিগ্রি (পাস) পরীক্ষার উত্তরপত্র এবং অতিরিক্ত খাতা কুমিল্লা শহরের বিভিন্ন স্থানে গতকাল বিকাল থেকে বিক্রি হতে দেখা গেছে। প্রতিটি উত্তরপত্র ৮০০ টাকা থেকে ১২০০ টাকা দরে এবং প্রতিটি অতিরিক্ত খাতা ৩০০ থেকে ৪০০ টাকা দরে বিক্রি হয়। গতকাল স্থানীয় সাংবাদিকরা জেলার চৌদ্দগ্রাম থানার চিওড়া সরকারি কলেজের একটি উত্তরপত্র (নং– ৩২৭৬২০) উদ্ধার করে স্থানীয় জেলা প্রশাসনকে অবহিত করে। গতকাল সকাল থেকে জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের আশপাশে এ সকল উত্তরপত্র গোপনে বিক্রি শুরু হয়। এক শ্রেণীর অসাধু শিক্ষক-কর্মচারী খাতা বিক্রির এই অবৈধ ব্যবসায়ে জড়িত বলে ধারণা করা হচ্ছে। উদ্ধার করা উত্তরপত্রটিতে পরীক্ষকের স্বাক্ষর ও কেন্দ্রের মুদ্রিত ছকে চিওড়া সরকারি কলেজের সিলমোহর রয়েছে।